



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা-০৩ (পলিটেকনিক)
এক-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেহে-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
ওয়েবসাইট: techedu.gov.bd



স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১২.৯৯.০১৯.২২ (পার্ট-১)-৮৫৯

তারিখ: ২৬/০৯/২০২৩ খ্রি.

বিষয়: আন্তর্জাতিক পাসপোর্ট করা / নবায়ন করার জন্য অনাপত্তি সনদ (NOC) এর আবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরস্বাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তাগণ আন্তর্জাতিক পাসপোর্ট করা / নবায়ন করার জন্য অনাপত্তি সনদ (NOC) প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে এ অধিদপ্তরে আবেদন প্রেরণ করে থাকেন। প্রায়শই এ আবেদনসমূহে বিভিন্ন ত্রুটি পরিলক্ষিত হয়। উক্ত NOC-এর আবেদন অধিদপ্তরে প্রেরণের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো যাচাইপূর্বক পূর্ণাঙ্গ / সঠিক তথ্য এবং আনুষঙ্গিক কাগজপত্র সংযুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো:

- (ক) শিক্ষক/কর্মকর্তার ব্যক্তিগত নথিতে পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন জমা আছে কিনা তা নিশ্চিত হওয়া;
- (খ) NOC ফরমের স্মারক নং ও তারিখের জন্য নির্ধারিত স্থান ফাঁকা রাখাসহ ০২(দুই) কপি ফরম প্রেরণ;
- (গ) এন.আইডি/এস.আইডি এর সঠিক নম্বর উল্লেখকরণ এবং কপি সংযোজন;
- (ঘ) আবেদনকারীর এন.আইডি / এস.আইডির জন্ম তারিখ মোতাবেক (০১ দিন পূর্বে) অবসর গ্রহণের তারিখ উল্লেখকরণ;
- (ঙ) প্রযোজ্য ক্ষেত্রে স্বামী / স্ত্রী এবং পুত্র / কন্যার (১৫ বছরের নিচে অপ্রাপ্তবয়স্ক সন্তান) এন.আইডি/এস.আইডি/ জন্মনিবন্ধন নম্বর (সন্তানের ক্ষেত্রে) যথাযথভাবে উল্লেখকরণ এবং কপি সংযোজন;
- (চ) NOC ফরমের ক্রমিক নং ০২ মোতাবেক যথাযথ বর্তমান ঠিকানা উল্লেখকরণ;
- (ছ) NOC ফরমের ক্রমিক নং ০৫ মোতাবেক ১৫(পনের) বছরের উর্কে কোন সন্তানের নাম সংযোজন না করা;
- (জ) NOC ফরমের নির্ধারিত স্থানে বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/আঞ্চলিক পাসপোর্ট অফিস এর নাম উল্লেখকরণ;
- (ঝ) আবেদনের সাথে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত সকল আনুষঙ্গিক কাগজপত্রের সত্যায়িত অনুলিপি সংযোজন করা।

স্বাক্ষরিত/-
(দিপংকর নন্দী)
সহকারী পরিচালক

অধ্যক্ষ,

- ১। টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ।
- ২। ইঞ্জিনিয়ারিং কলেজ (সকল)।
- ৩। পলিটেকনিক/মনোটেকনিক ইন্সটিটিউট (সকল)।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১২.৯৯.০১৯.২২ (পার্ট-১)-৮৫৯

তারিখ: ২৬/০৯/২০২৩ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

১. পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সংরক্ষণ নথি।

(দিপংকর নন্দী)
সহকারী পরিচালক